তারিখ ... 23 JUL 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩ ...

প্রথম আলো

# বাঞ্ছারামপুরে প্রধান শিক্ষক তিন ঘণ্টা অবরুদ্ধ

## উপবৃত্তির টাকা কম দেওয়ার অভিযোগ

বাঞ্ছারামপুর (ব্রাহ্মণবাড়িয়া) প্রতিনিধি ●

ব্রাহ্মণবাড়িয়ার বাঞ্ছারামপুর উপজেলায় উপবৃত্তির টাকা কম দেওয়ার অভিযোগে ফরদাবাদ দক্ষিণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে তিন ঘণ্টা অবরোধ করে রাখেন এলাকাবাসী। গত বৃহস্পতিবার এ ঘটনা ঘটে।

বিদ্যালয় ও জনতা ব্যাংক বাঞ্ছারামপুর শাখা সূত্রে জানা গেছে, উপজেলার ফরদাবাদ দক্ষিণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩১৪ জন শিক্ষার্থী রয়েছে। বৃহস্পতিবার ওই সব শিক্ষার্থীর মধ্যে উপবৃত্তির ৩ লাখ ৪৫ হাজার ৫০ টাকা বিতরণ করার কথা। বৃহস্পতিবার বেলা দেড়টা থেকে উপবৃত্তির টাকা বিতরণ শুরু করেন প্রধান শিক্ষক নুরে আলম। পরে বিকেল চারটার দিকে শিক্ষার্থীদের টাকা কম দেওয়ার বিষয়টি সন্দেহ হলে অভিভাবকেরা উপবৃত্তির কার্ড দেখতে চান। এতে এক ঘণ্টা পর পাঁচটার দিকে কার্ড দেখে টাকা কম দেওয়ার বিষয়টি নিশ্চিত হলে স্থানীয় লোকজন প্রধান শিক্ষককে বিদ্যালয় ভবনের দ্বিতীয় তলায় অবরোধ করে রাখেন। পরে খবর পেয়ে বাঞ্ছারামপুর থানার পুলিশ রাত আটটার দিকে ওই শিক্ষককে উদ্ধার করে।

উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. নৌসাদ মাহমুদ বলেন, উপবৃত্তির টাকা নিয়ে অনিয়ম করার প্রমাণ পেলে অবশ্যই প্রধান শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।